

## আবারও তুই

(আইমান মোস্তফার উদ্দেশ্যে)

খন্দকার জাহিদ হাসান

আবারও তুই হাসবি খেলবি

মনের খুশীতে আত্মহারা হয়ে

ভিন্ন একটা সমান্তরাল বিশ্বে,

সেখানে আর থাকবে না কোনো কোপন মাধ্যাকর্ষণ

দিনমান তাই বেড়াবি ভেসে হাওয়ায়

সেই জগতের পুরোটাই হবে মায়ের স্নেহের কোল

কখনোই তোর পতিত হওয়ার থাকবে না কোনো ভয়,

গরাদবিহীন জানালার ফাঁকে

কখনোই কোনো যমদূত আর বাড়াবে না কালো হাত।

সেই চরাচরে সময়ের কোনো বেয়াড়া মহিষ

তাড়িয়ে ফেরে না কাউকে

নেই তো সেখানে কোনো মেকি হাসি- নেই সুরহীন গান

পদস্থলিত মানুষের ভীড় যায় না সেখানে দেখা।

সবকিছু খুব বেশী পচে গেছে এই পৃথিবীতে আজ

গন্ধ এড়াবি এমন রুমাল পাওয়া যায় আর কই!

তুই বড় বেশী নিষ্পাপ আর বড় বেশী সুন্দর

মিথ্যে কথার ক্ষয়িষ্ণু এই জনপদ

নয় তোর উপযুক্ত

তাই বুঝি আজ অভিমান করে চলে গেলি এত শিথ্রী?

আবারও তুই হাসবি খেলবি

মনের খুশীতে আত্মহারা হয়ে

অনেক আলোকবর্ষ দূরের অপরূপ এক ভূবনে,

থাকবে না কোনো ইমারত আর সেখানে

থাকবে না কোনো ইট-পাথর আর লোহায় বানানো শহর

থাকবে কেবল সুকোমল এক বিশাল ঘাসের গালিচা

থাকবে শুধুই মনোহর এক প্রান্তর

সেখানেই তুই দিনভর শুধু খেলবি, খেলবি, খেলবি.....

একদিন ঐ নতুন জগতে দেখা হবে তোর সাথে

আমাদের যতো ব্যর্থতা সব ক্ষমা করে দিস্ সেদিন।

সিডনী,

২২/১০/২০০৯।